উপজেলা পরিষদ
ভাঙ্গা, ফরিদপুর
bhanga.faridpur.gov.bd

**ভাঙ্গা উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির নভেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এস. এম. হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' ও 'খ' |
| তারিখ ও সময় | : | ৩০ নভেম্বর ২০২১; বেলা: ১১.০০ ঘটিকা |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| দপ্তরসমূহ | কার্যক্রম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১। এলজিইডি | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ভাঙ্গা উপজেলার বিভিন্ন ইউনিয়নে ২০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে হ্যান্ড ওয়াশ বেসিন নির্মাণ কাজ যথাযথভাবে সম্পন্ন করে মেসার্স আসিফ এন্টারপ্রাইজ , আলীপুর, ফরিদপুর চূড়ান্ত বিল পাওয়ার জন্য আবেদন করেছেন। সাইট পরিদর্শন করত কাজের গুনগত মান সন্তোষজনক হওয়ায় চুড়ান্ত বিল পরিশোধের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার অনুমোদন প্রয়োজন। এছাড়া তিনি বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের আওতায় বিভিন্ন প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়েছে। আগামী ০৪.০১.২০২২ তারিখ দাখিলের দিন ধার্য করা হয়েছে। প্রকল্প কমিটির ০৮ টি কাজের চুড়ান্ত বিল প্রদান করা হইয়াছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক হ্যান্ড ওয়াশ বেসিন নির্মাণ কাজের অর্থ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ভাঙ্গা, ফরিদপুর |
| ০২। উপজেলা স্বাস্থ্য ও প: পা: অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুর সভায় বলেন, কোভিড-১৯ মোকাবেলায় প্রাপ্ত ফাইজারের টিকা ১২ হতে ১৭ বছরের শিক্ষার্থীদের দেওয়ার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক বর্তমানে টিকা প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের তালিকা প্রণয়নের কাজ মাধ্যমিক শিক্ষা অফিসে বর্তমানে চলমান রয়েছে। তালিকা প্রাপ্তির পর টিকা প্রদান কার্যক্রম দ্রুত শুরু করা হবে। | বিস্তারিত আলোচনান্তে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুরকে দ্রুত শিক্ষার্থীদের তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৩। দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় , প্রতিটি ইউনিয়নের জন্য ৪৭০ টি করে কম্বল বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া কম্বল ক্রয়ের জন্য ৭,৬৬,০০০/- (সাত লক্ষ ছেষট্টি হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া ৪ টি কালভার্ট ব্রীজ এর টেন্ডার আহবান করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বরাদ্দপ্রাপ্ত কম্বল এবং বরাদ্দকৃত অর্থের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৪। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান নভেম্বর ২০২১ মাসে হিমায়েত সিমেন দ্বারা ১১৩৫ টি গবাদি পশুর কৃত্রিম প্রজনন করা হয়েছে , সংকর জাতের বাছুর উৎপাদন ৩৮৫টি, গবাদি পশুর টিকা প্রদান ৪৬১২ টি, হাঁস-মুরগীর টিকা প্রদান ৫৪,৪০০ টি, গবাদি পশুর চিকিৎসা প্রদানের সংখ্যা ২৭৮৪ টি, হাঁস-মুরগির চিকিৎসা প্রদানের সংখ্যা ২১,৪৭২ টি, খামার পরিদর্শন ০৮ টি, ওঠান বৈঠক করা হয়েছে ০৫ টি এবং এ মাসের রাজস্ব আদায় হয়েছে ৬১,১৭৫/- টাকা। | গবাদি পশু ও হাঁস-মুরগির চিকিৎসা কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়া কৃত্রিম প্রজননের মাধ্যমে গবাদি পশুর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং গবাদি পশু, হাঁস-মুরগি পালনে সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করতে হবে। আদায়কৃত রাজস্ব সরকারি তহবিলে/খাতে জমা প্রদান নিশ্চিত করতে হবে। . | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫। উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন, নভেম্বর/২১ মাসে তার দপ্তর ৪৯৪০ জন কৃষকের মাঝে গম, ভুট্টা, সরিষা, পিয়াজ, মসুর, মুগ, খেসারি, চিনাবাদাম বীজ ও সার বিতরন করা হয়েছে। এছাড়া তিনি বলেন, বিএডিসি বীজ ডিলারদের অনুরোধ করা হয়, তারা যেন বিএডিসি ব্যতিত অন্যান্য বীজ বিক্রি না করেন এবং বিসিআইসি সার ডিলারদের নিয়মিত সার উত্তোলন এবং বিক্রির জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কৃষি বীজ ও সার যথাসময়ে কৃষকদের মাঝে সঠিকভাবে বিতরণ করা হয়েছে কিনা তা তদারকি করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিএডিসি বীজ ডিলারদের বিএডিসি ব্যতিত অন্যান্য বীজ যাতে বিক্রি না করতে পারে, সে লক্ষ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দরভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ভাঙ্গা, ফরিদপুর এর জন্য উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন-২ (ইউআইটিআরসিই-২) শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মানের লক্ষ্যে সার্ভেয়ার ছায়েদুর রহমান কর্তৃক ২২/০৫/২০১৮ তারিখে উপজেলা অডিটরিয়ামের পশ্চিমপাশে জায়গা নির্ধারণ করে স্কেস ম্যাপ তৈরি করা হয়। পরবর্তীতে ডিজিটাল সার্ভে হয়। কিন্তু মাটি পরীক্ষা করা হয় সিনেমা হল (অডিটরিয়াম) সহ পূর্ব পাশের কিছু জায়গা নিয়ে। বর্তমানে ভবন নির্মাণের টেন্ডার হওয়ার বিষয়টি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে জানানো হলে, চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এবং উপজেলা প্রকৌশলী সম্মিলিতভাবে বর্তমান নির্বাচন অফিসের দক্ষিণ পাশে বিএডিসি (কনডেম ঘোষণাকৃত) গোডাউন এর স্থলে উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ভবন নির্মানের সিদ্ধান্ত গ্রহণ করেন। উক্ত বিএডিসি (কনডেম ঘোষণাকৃত) গোডাউন দ্রুত অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণের জন্য সেপ্টেম্বর/২১ মাসের সভায় অনুরোধ করা হয় এবং বিএডিসি (কনডেম ঘোষণাকৃত) গোডাউন অপসারণ করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। এ প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কে স্কেস ম্যাপ তৈরি করে প্রকল্প পরিচালক, উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন-২ (ইউআইটিআরসিই-২)শীরষক প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, ভাঙ্গা, ফরিদপুর বিধি মোতাবেক স্কেস ম্যাপ তৈরিসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা প্রকৌশীল, ভাঙ্গা, ফরিদপুর<br>২) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুর |
| ০৭। বিদ্যুৎ | পরিচালন সেবা<br>আবাসিক প্রকৌশলী সভায় বলেন, নভেম্বর/২১ মাসে পদ্ধতি সেবাগ্রহীতা ১৮৮ জন । এ মাসে ২১৪ টি নতুন সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া সদরদী ৩৩/১১ কেভি উপকেন্দ্র আপগ্রেডেশন কাজ চলমান আছে। পুখুরিয়া ৩৩/১১ কেভি উপকেন্দ্র আপগ্রেডেশনের নিমিত্তে জমি অধিগ্রহণের কাজ প্রক্রিয়াধীন এবং কোমরপুর টু ভাঙ্গা নতুন ৩৩ কেভি লাইনের কাজ চলমান রয়েছে। | অবৈধ বিদ্যুৎ সংযোগ বন্ধে বিদ্যুৎ আইনে মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (ওজোপাডিকো) |
| ০৮। পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, নভেম্বর/২১ মাসে তার দপ্তর ৪,৫০,০০,০০০/- টাকা ঋণ বিতরণের লক্ষ্য মাত্রার বিপরীতে ৪,৩৬,৮৬,০০০/- টাকা ঋণ বিতরণ করেছে। বিতরণের হার ৯৭%। এছাড়া ৩,৮৬,০০,০০০/- টাকা ঋণ আদায়ের লক্ষ্য মাত্রার বিপরীতে ৩,২০,৫০,০০০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। আদায়ের হার ৮৩%। এছাড়া তিনি বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে ০৫ টি স্কীমের বরাদ্দ পাওয়া গেছে এবং কাজ দ্রুত শুরু করা হবে। | -পল্লী উন্নয়ন সমবায় সমিতি ঋণ প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>-আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ০৯। মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে ভিজিডি চক্রে ১৯৯০ জন নির্বাচিত উপকারভোগীদের মাঝে নভেম্বর/২১ মাসে ৫৯.০০ মেট্রিক টন খাদ্য শষ্যের ডিও প্রদান পরবর্তী বিতরণ করা হয়েছে। এছাড়া "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাত প্রদান" কর্মসূচির আওতায় ১,৮০০ (এক হাজার আটশত) ভাতাভোগীর বিপরীতে জুলাই/২১ মাস পর্যন্ত মাসিক ৮০০/- টাকা হারে MIS সফটওয়ারের মাধ্যমে G2P পদ্ধতিতে ভাতা পরিশোধ করা হয়েছে। কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ৪৫০ জন ভাতাভোগীর বিপরীতে জুলাই/২১ পর্যন্ত ৮০০/- টাকা হারে ভাতার অর্থ MIS সফটওয়ারের মাধ্যমে G2P পদ্ধতিতে ভাতা পরিশোধ করা হয়েছে। এছাড়া মহিলাদের ক্ষমতায়নের লক্ষে ৫% সার্ভিস চার্জে ৩৪২ জন মহিলাকে বিভিন্ন আয়বর্ধক কার্যক্রমে ঘূর্ণায়মান পদ্ধতিতে মোট ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা ঋণ প্রদান করা হয়েছে। এছাড়া তিনি আরও বলেন, ভাঙ্গা উপজেলায় তার দপ্তর হতে ২৭ টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতিকে রেজিস্ট্রেশন দেওয়া হয়েছে, যার মধ্যে ০৪ টি প্রতিষ্ঠানকে ২০২০-২০২১ অর্থ বছরে ১,২০,০০০/- টাকা অনুদান দেওয়া হয়েছে। নভেম্বর/২১ মাসে যৌতুক বিরোধী ১ টি উঠান বৈঠক, বাল্যবিবাহ বিরোধী ০১ টি সচেতনতামূলক সভা ও ০১ টি পারিবারিক সহিংসতা প্রতিরোধ সভা করা হয়ছে। এছাড়া 'জয়িতা অন্বেষণে বাংলাদেশ-২০২১' শীর্ষক কার্যক্রম এর আওতায় ভাঙ্গা উপজেলায় ৫ জন জয়িতা নির্বাচন করা হয়েছে। | ভিজিডি, মাতৃত্বকালীন ভাতা, কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা কার্যক্রম ও ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। এছাড়া বাল্যবিবাহ এবং যৌতুক প্রথার বিরুদ্ধে সামাজিক সচেতনামূলক উঠান বৈঠকের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং পারিবারিক সহিংসতা রোধে সচেতনতামূলক সভা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, নভেম্বর/২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫৬,৬০৭ টি, স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পরিবারের সংখ্যা ৪৯ টি, ইমপ্লান্ট গ্রহণকারীর সংখ্যা ৭৩ টি ও আইইউডি গ্রহণকারীর সংখ্যা ৬৪ টি । এছাড়া তিনি বলেন, ডিসেম্বর/২১ মাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০৬ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি বৃদ্ধি করতে হবে। এছাড়া স্বাভাবিক প্রসব সেবা জোড়দার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১১। উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, নভেম্বর/২১ মাস পর্যন্ত পোশাক তিরি, গরু মোটাতাজাকরণ, হাঁস-মুরগী পালন বিষয়ে ১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ১০ জন যুবক ও ১৯ জন যুব মহিলাদের মাঝে ১৫,২০,০০০/- (পনের লক্ষ বিশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | বেকার যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে আগ্রহী করে গড়ে তুলতে হবে। এছাড়া ঋণ বিতরণ ও ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | |
| ১২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভাঙ্গা, ফরিদপুর সভায় বলেন, পূর্বের চলমান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। বর্তমানে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ৩৩৬ টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া তিনি বলেন, একটি ৩.৫০ কিলোমিটার পাইপ লাইন স্কীম এবং ১৮ টি সাব মারসিবল পামযুক্ত গভীর নলকূপের সাইট নির্ধারণের জন্য সংশ্লিষ্ট কমিটির দৃষ্টি আকর্ষণ করেন। | সংশ্লিষ্ট কমিটিকে একটি ৩.৫০ কিলোমিটার পাইপ লাইন স্কীম এবং ১৮ টি সাব মারসিবল পামযুক্ত গভীর নলকূপের সাইট নির্ধারণের অনুরাধ করা হয়। | ১) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>২) সংশ্লিষ্ট সকল |
| ১৩। বিবিধ | উপজেলা পরিষদের মধুমতি-২ নম্বর বাস ভবনটির একটি রুমে প্রায় ০২ (দুই) বৎসর ধরে উপজেলা পরিষদের মালামাল রাখার জন্য গোডাউন হিসেবে ব্যবহৃত হতো। কিন্তু বর্তমানে রুমটিতে কোন মালামাল রাখা হয় না। বিধায় মধুমতি-২ নম্বর বাসাটি ভাড়া প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে মধুমতি-২ নম্বর বাসাটি জানুয়ারি ২০২২ হতে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ভাঙ্গা, ফরিদপুর |

১৪। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ফরিদপুর-৪ মহোদয় ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর এর সুপারিশক্রমে ০১ টি ইউনিয়নে হাট-বাজার তহবিলের আওতায় (১৫% ও ১০%) নিম্নবর্ণিত ০৫ টি প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| ক্রমিক | প্রকল্পের নাম | ইউনিয়ন | টাকার পরিমান |
|---|---|---|---|
| ০১ | বালিয়াহাটি হাটের বিশ্বজিৎ বালার দোকান হতে ইলিয়াচ খলিফার দোকান পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | নাছিরাবাদ | ২,০০,০০০/- |
| ০২ | বালিয়াহাটি হাটের মাছ ও মাংসের বাজারের ড্রেন সংস্কার। | নাছিরাবাদ | ২,০০,০০০/- |
| ০৩ | বালিয়াহাটি হাটের বাজারের মেইন গলি ও কাঁচা বাজারের ইটের রাস্তা সংস্কার। | নাছিরাবাদ | ২,০০,০০০/- |
| ০৪ | বালিয়াহাটি গরুর হাট সম্প্রসারণের জন্য হাটের বিভিন্ন স্থানে মাটি/বালু ভরাট। | নাছিরাবাদ | ৫০,০০০/- |

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস, এম, হাবিবুর রহমান)
সভাপতি,উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ভাঙ্গা, ফরিদপুর

পত্র নম্বর : ০৫.১২.২৯১০.০০৬.০০.০০১.২১.৯৪১(৫০)
তারিখ: ৩০ নভেম্বর ২০২১

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১৪ ফরিদপুর ৪, ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ফরিদপুর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
৭. মেয়র, ভাঙ্গা পৌরসভা ও সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
৯. উপজেলা........................................................................ কর্মকর্তা ও সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
১০. চেয়ারম্যান, ......................... ইউনিয়ন পরিষদ (সকল) ও সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
১১. জনাব/বেগম....................................................................... সদস্য, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, ভাঙ্গা, ফরিদপুর।
১২. অফিস কপি

(আজিম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ভাঙ্গা, ফরিদপুর